তারিখ 11 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যের পদত্যাগ

## কারণ দুর্নীতি ও উপাচার্যের সঙ্গে দ্বন্দ্ব!

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান পদত্যাগ করেছেন। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয় থেকে তাঁর পদত্যাগের বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানানো হয়। পদত্যাগের পর তিনি তাঁর নিজ বিভাগে (ইংরেজি) যোগদানের আবেদন করেছেন। পদত্যাগপত্রে শাহিনুর রহমান ব্যক্তিগত কারণ উল্লেখ করলেও তিনি পদচ্যুতির আভাস পেয়ে পদত্যাগ করেছেন বলে ক্যাম্পাসে গুঞ্জন শোনা যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ বলেন, 'আজ (গতকাল) সকালে শিক্ষা মন্ত্রণালয় থেকে উপ-উপাচার্যের পদত্যাগের বিষয়টি জানানো হয়েছে। পদত্যাগপত্রে তিনি ব্যক্তিগত কারণ উল্লেখ করেছেন। এ ছাড়া তিনি ইংরেজি বিভাগে অধ্যাপক হিসেবে যোগদানের জন্য আলাদাভাবে আবেদন করেছেন।'

এদিকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদ থেকে হঠাৎ পদত্যাগ করা নিয়ে ক্যাম্পাসে শোনা যাচ্ছে বিভিন্ন গুঞ্জন। শোনা যাচ্ছে, তিনি পদচ্যুতির পূর্বাভাস পেয়ে নিজের সম্মান রক্ষায় হঠাৎ পদত্যাগ করেছেন। ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও ট্রেজারারের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত করেছিল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) গঠিত তদন্ত কমিটি। গত ১০ অক্টোবর এসব অনিয়ম ও দুর্নীতির তদন্ত করে ইউজিসির তিন সদস্যের তদন্তদল। জানা গেছে, তদন্ত কমিটির প্রতিবেদনে ২০১৩ সালের ১৯ ফেব্রুয়ারি নিয়োগ পাওয়া উপ-উপাচার্য অধ্যাপক ড. শাহিনুর রহমানকে দোষী সাব্যস্ত করা হচ্ছে। এ প্রতিবেদনের ওপর ভিত্তি করে তাঁকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদ থেকে অব্যাহতি দেওয়া হতে পারে বলে গুঞ্জন ওঠে। আর উপ-উপাচার্য পদ থেকে অব্যাহতির আশঙ্কায় তিনি পদত্যাগ করেছেন বলে বিশ্ববিদ্যালয়ের সচেতন শিক্ষক-কর্মকর্তারা মনে করছেন। এ ছাড়া উপ-উপাচার্য পদে নিয়োগ পাওয়ার পর থেকে অধ্যাপক ড. শাহীনুর রহমান উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিমের সঙ্গে দ্বন্দ্বে জড়িয়ে পড়েন।